




রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ

রাজউক ভবন, ঢাকা।

www.rajuk.gov.bd

অফিস আদেশ



৭০৭
২৪/০৫/২০২৪

নং-২৫.৩৯.০০০০.০০৯.২৭.০০৩.২৩.১০০৬

তারিখঃ ৩১ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
২৪ মে ২০২৪ খ্রিষ্টাব্দ

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা-এর নক্সাকার জনাব মোঃ এমদাদুল হক মুন্সী (গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষে সংযুক্ত) এর বিরুদ্ধে জনৈক জনাব নাজনীন চৌধুরী মাহমুদ কে অকথ্য ভাষায় গালিগালাজ, কথোপকথনে অশ্লীল শব্দচয়ন এবং তার গৃহকর্মচারীর শারীরিক শ্রীলতাহানি করেছেন মর্মে অভিযোগ পাওয়া যায়। অপরদিকে, গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষে সংযুক্ত থাকাকালীন সময়ে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। উক্ত অভিযোগের ভিত্তিতে গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ হতে স্মারক নং-২৫.৩৯.০০০০.০০২.৯৯.০০১.২৪. ৮৬(৪), তারিখ ১৩/০৫/২০২৪ খ্রিঃ এর মাধ্যমে তাকে লিখিতভাবে কারণ দর্শাতে বলা হয়েছে। তার এহেন কর্মকাণ্ডে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়েছে এবং কর্মস্থলে বিনা অনুমতিতে অনুপস্থিত থাকায় অফিস শৃংখলা ভঙ্গ হয়েছে, যা রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি বিধিমালা, ২০১৩ এর বিধি ৩৭(ক) অনুযায়ী দায়িত্ব পালনে অবহেলা এবং ৩৭(খ) অনুযায়ী অসদাচরণের শামিল।

২। বর্ণিতাবস্থায়, জনাব মোঃ এমদাদুল হক মুন্সী (গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষে সংযুক্ত), নক্সাকার, রাজউক, ঢাকা কে উপরিলিখিত কর্মকাণ্ডের জন্য রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি বিধিমালা, ২০১৩ এর বিধি ৪৩ এর উপবিধি (১) মোতাবেক দায়িত্ব পালনে অবহেলা এবং অসদাচরণের অভিযোগে সাময়িক বরখাস্ত করতঃ প্রশাসন শাখায় ন্যস্ত করা হলো। তার বিরুদ্ধে নিয়মিত বিভাগীয় মামলা রুজু করা হোক।

৩। জনাব মোঃ এমদাদুল হক মুন্সী (গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষে সংযুক্ত), নক্সাকার রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি বিধিমালা, ২০১৩ এর বিধি ৪৩ এর উপবিধি (৪) অনুযায়ী সাময়িক বরখাস্ত থাকাকালীন সময়ে সরকারী বিধি অনুযায়ী খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৩/০৫/২০২৪

মেজর জেনারেল মোঃ ছিদ্দিকুর রহমান সরকার (অবঃ)
চেয়ারম্যান
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।

নং-২৫.৩৯.০০০০.০০৯.২৭.০০৩.২৩.১০০৬

তারিখঃ ৩১ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
২৪ মে ২০২৪ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সদস্য (সকল), রাজউক, ঢাকা।
- ২। প্রধান প্রকৌশলী (প্রকল্প ও ডিজাইন/ বাস্তবায়ন), রাজউক, ঢাকা।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, এমআইএস শাখা, রাজউক, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। পরিচালক (সকল), রাজউক, ঢাকা।
- ৫। লিয়াজো অফিসার, রাজউক, ঢাকা [চেয়ারম্যান (সচিব) মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ৬। পরিসংখ্যানবিদ, প্রশাসন শাখা, রাজউক, ঢাকা।
- ৭। নথি রক্ষণ কর্মকর্তা, প্রশাসন শাখা, রাজউক, ঢাকা।
- ৮। জনাব মোঃ এমদাদুল হক মুন্সী (গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষে সংযুক্ত), নক্সাকার, রাজউক, ঢাকা।
- ৯। অফিস কপি।

৭! শুভকল
২৩/০৫/২০২৪

২৩/০৫/২০২৪
পরিচালক (প্রশাসন)
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।